

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভান্ডার বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভান্ডার বিভাগ

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.৪৪৩.২২.০০৭.২৪ নথির বিষয়ঃ Supply of Calcium Oxide (CaO)/Lime for Chlorine Cylinder Gas neutralization under Store Division, Dhaka WASA

নোটঃ ১ নোটের বিষয়ঃ Supply of Calcium Oxide (CaO)/Lime for Chlorine Cylinder Gas neutralization under Store Division, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩০/৫/২৪ ৩:৫৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্ব ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভান্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মডস জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভান্ডার বিভাগে জমা করা হয়। এস.ও.সি বিভাগ ও বিভিন্ন প্রকল্প হতে বিভিন্ন ক্ষমতার ক্লোরিন গ্যাস সিলিন্ডার (ভালো/নষ্ট/লিকেজ) অত্র ভান্ডারে জমা প্রদান ও গ্রহণ করে থাকে। এছাড়া অকেজো সিলিন্ডার দীর্ঘদিন পড়ে থাকায় লিকেজ হয়ে অনেক সময় ক্লোরিন গ্যাস বের হতে থাকে। অত্র বিভাগের নিকটবর্তী পাগলা পয়ঃ শোধনাগার ও পাশেই লোকালয় থাকায় জনস্বার্থে ক্লোরিন গ্যাস সিলিন্ডার লিকেজ হওয়ার সাথে সাথে চুন (লাইম) প্রয়োগ করে ক্লোরিন গ্যাস নিষ্ক্রিয় করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩০/৫/২৪ ৩:৫৯ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে “Supply of Calcium Oxide (CaO)/Lime for Chlorine Cylinder Gas neutralization under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজের জন্য পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-২) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হ’ল। যাতে প্রাক্কলিত মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার খোক বরাদ্দের (সংযুক্তি: এপিপি কপি, ক্রমিক নং-৫০, প্যাকেজ-এফ) আওতায় বাস্তবায়ন করা হবে। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে। কাজটি অতীব জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।



সংযুক্তিসমূহ (৪):

- ১। এপিপি কপি.
- ২। পূর্বানুমোদিত দর.
- ৩। প্রাক্কলন.
- ৪। প্রতিবেদন.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৩০/৫/২৪ ৪:০০ অপরাহ্ন


এমতাবস্থায়, “Supply of Calcium Oxide (CaO)/Lime for Chlorine Cylinder Gas neutralization under Store Division, Dhaka WASA” শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,০০০.০০ (চব্বিশ হাজার) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

			
৩০/৫/২৪ ৪:০৫ অপরাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ	৩০/৫/২৪ ৫:৪২ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	২/৬/২৪ ১১:১২ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২/৬/২৪ ১১:১২ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৩/৬/২৪ ১:২৬ পূর্বাহ্ন

Okay

		
৩/৬/২৪ ১:২৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩/৬/২৪ ১২:৫০ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	৩/৬/২৪ ১২:৫০ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/৬/২৪ ৫:৫৯ অপরাহ্ন

জরুরি ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা নিন।

	
৩/৬/২৪ ৬:০০ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৩/৬/২৪ ৬:০০ অপরাহ্ন পল সরকার উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা